

হংলশ মাডয়াম মাদ্রাসা

ইসলাম হচ্ছে গতিশীল মানবকল্যানের ধর্ম। ইসলামে রয়েছে জ্ঞান-বিজ্ঞানের অপরিমিত গুরুত্ব। যুগে যুগে মুসলিম মানীষীরা জ্ঞান-বিজ্ঞানের বিভিন্ন শাখায় অসামান্য অবদান রেখেছেন। চিকিৎসা বিজ্ঞানে ইবনে নিসা, রসায়ন শাস্ত্রে জাবির ইবনে হাইয়ান, গণিত শাস্ত্রে উমার খাইয়াম, আল বিরুনী, ভূগোল শাস্ত্রে আল খারিজমী ইব্রাহীম সাকলোর স্বাক্ষর রেখেছেন। দুঃখজনক হলেও সত্য মুসলমানগণ তাদের অতীত ঐতিহ্য হারাতে বসেছে। জ্ঞান-বিজ্ঞানের বর্তমান অগ্রযাত্রায় মুসলমানরা পক্ষান্তরে রয়েছে। বিশেষ করে মাদ্রাসাগুলো। কুরআন হাদীসসহ ইসলামের বিভিন্ন বিষয় তালীম দেয়া হয়, আরবী ভাষায় মাদ্রাসার ছাত্ররা কিছুটা দক্ষতা অর্জন করলেও ইংরেজী ও বাংলা ভাষায় দুর্বলতা অনেক বেশী। ফলে কুরআন ও হাদীসের অমূল্য বাণী ও এর সু-গভীর মর্মার্থ সাবলীল ও সুন্দরভাবে উপস্থাপন করতে, অনেকাংশে যথাযথ দক্ষতার পরিচয় দিতে সক্ষম হয় না। একবিংশ শতাব্দীর প্রতিযোগিতায় টিকে থাকতে হলে আরবী শিক্ষার পাশাপাশি মাদ্রাসায় অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদেরকে বৈশ্বিক শিক্ষায় বৃহসৃষ্টি অর্জন করতে হবে। বিশেষ

করে ইংরেজীর মত একটি ইন্টারন্যাশনাল ভাষায় প্রচুর দক্ষতা অর্জন অপরিহার্য হয়ে পড়েছে। মাদ্রাসার ছাত্র মাঝেই ইংরেজীতে দুর্বল। দুর্নাম ঘুচাতে হবে। আশার কথা হচ্ছে বর্তমানে ঢাকাসহ সারাদেশে কিছু ইংলিশ মিডিয়াম মাদ্রাসা প্রতিষ্ঠিত হয়েছে। কুরআন ও হাদীসে অমীম বাণী আরবীর পাশাপাশি ইংরেজী মাধ্যমে পাঠদান করা হচ্ছে যুগ-উপযোগী ও আধুনিকতার সমন্বয়ে মাদ্রাসাগুলো দেশের ছাত্র ছাত্রীদেরকে নৈতিক, আধ্যাতিক ও বৈশ্বিক শিক্ষা প্রদানের মাধ্যমে দক্ষ জনসম্পদে পরিণত করতে পারে। এ সকল মাদ্রাসার ছাত্র যথাযথ শিক্ষা অর্জনপূর্বক মধ্যপ্রাচ্য ও ইউরোপীয় দেশ-সমূহে ইংলিশ মিডিয়ামে কুরআন-সুন্নাহ তথা হীনের প্রচার ও প্রসারে অসামান্য অবদান রাখতে পারে। পাশাপাশি বহির্বিদেশে জিয় মাতুভুটি বাংলাদেশের সুনাম বৃদ্ধি করতে সক্ষম হবে। তাই মাদ্রাসাগুলোতে ইংরেজী শিক্ষাদানের সাথে সাথে ব্যাপকহারে ইংলিশ মিডিয়াম মাদ্রাসা প্রতিষ্ঠা করা প্রয়োজন এবং দেশের সরকার, বিস্তারিতদের ও মহৎ কাজে এগিয়ে আসতে হবে বলে বিজ্ঞানরা মনে করেন।

□ এমিএম জাকারিয়া